

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৪০০৬/২৬৭

তারিখ : ২৬-০৬-২০২২ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা প্রসঙ্গে

- সূত্র : ক) জেলা শিক্ষা অফিসার, খুলনা-এর ০৪-০৪-২০২২ খ্রি. তারিখের জেশিঅ/খঃ/তদন্ত/২০২২/৮২ নং স্মারকপত্র।
খ) জনাব মিজানুর মোল্যা (অভিযোগকারী) ১১-০১-২০২২ খ্রি. তারিখের আবেদন। (আইডি নং-১১৯৩৭)
গ) যশোর শিক্ষা বোর্ডের ০১-০৩-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৪০০৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৫১৪ স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার তেরখাদা উপজেলাধীন উত্তর খুলনা এস, এম, এ মজিদ স্মারক মাধ্যমিক বিদ্যালয়ের অবৈধভাবে গঠিত ম্যানেজিং কমিটি বাতিল এবং বিভিন্ন অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রীতি ও অর্থ আত্মসাত-এর বিষয়ে জনাব মিজানুর মোল্যা অভিযোগ করলে জেলা শিক্ষা অফিসার, খুলনা-কে ০১-০৩-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৪০০৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৫১৪ নং স্মারকপত্রে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। জেলা শিক্ষা অফিসার, খুলনা তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক কেন ম্যানেজিং কমিটি বাতিল করা হবেনা তার জবাব ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক

উত্তর খুলনা এস, এম, এ মজিদ স্মারক মাধ্যমিক বিদ্যালয় (১১৭৪৩৬)

ডাকঘর : পার্ক-বারাসাত, উপজেলা : তেরখাদা, জেলা : খুলনা


(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর


ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নং-বিঅ-৬/৪০০৬/২৬৭(১-৮)

তারিখ : ২৬-০৬-২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সভাপতি, উত্তর খুলনা এস, এম, এ মজিদ স্মারক মাধ্যমিক বিদ্যালয়, পার্ক-বারাসাত, তেরখাদা, খুলনা।
- ৭। জনাব মিজানুর মোল্যা, এলাকাবাসী।
- ৮। সংরক্ষণ নথি।


২৬, ০৬, ২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর